



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুবান্ধব ভবন অগ্রসর করার জন্য এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের অংশ হিসেবে বাছাইকৃত 11টি শীর্ষ রিয়েল এস্টেট গ্রুপের নাম ঘোষণা করলেন

NYSERDA এর তৈরি নতুন ডিজিটাল সংস্থান এবং শীর্ষ এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের অংশীদারগণ বৃহত্তর আকারের ভবনের ডিকার্বোনাইজেশনকে সমর্থন করবে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুবান্ধব একাধিক পরিবারের ভবন অগ্রসর করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের (Empire Building Challenge, EBC) তৃতীয় রাউন্ডে বাছাইকৃত 11টি শীর্ষ রিয়েল এস্টেট গ্রুপের নাম ঘোষণা করলেন। এছাড়াও আজকের ঘোষণাতে "বড় ভবনের জন্য রетроফিট প্লেবুক (The Retrofit Playbook for Large Buildings)" এর প্রকাশ রয়েছে, এটি একটি বিনামূল্যের অনলাইন সংস্থান যা বড় বাণিজ্যিক ও একাধিক পরিবারের ভবনে কার্বন নিরপেক্ষতা অগ্রসর করতে ভবনের মালিকদের সমর্থন করে, এতে বাণিজ্যিক অফিস স্পেসের ডিকার্বোনাইজেশন সম্ভব করার জন্য বিশেষভাবে তৈরি পরিকল্পনা নির্দেশাবলীর একটি সংকলন রয়েছে। নিউ ইয়র্কের এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ এবং সম্পূরক প্লেবুক হলো 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্য এবং দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাড়ি তৈরির গভর্নরের লক্ষ্য অর্জনকে ত্বরান্বিত করার জন্য অপরিহার্য।

"নতুন পরিচ্ছন্ন, স্থিতিস্থাপক প্রযুক্তিতে বিনিয়োগ করা হলো আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু আইনের লক্ষ্য অগ্রসর করার ক্ষেত্রে নিউ ইয়র্কের আরো একটি পন্থা, এবং এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ হলো উঁচু ভবনের ডিকার্বোনাইজেশনের জন্য সর্বাধিক সফল কর্মসূচিগুলির একটি," **গভর্নর হোকল বলেন।** "এই কর্মসূচিটি প্রদর্শন করে যাচ্ছে যে কীভাবে সহযোগিতামূলক অংশীদারিত্ব ভবনের ক্ষতিকর নিঃসরণ কম করা, সকল নিউ ইয়র্কবাসীর জন্য বসবাস ও কাজের জেনে আরো স্বাস্থ্যকর স্থান তৈরি করার সমাধান তৈরি করতে পারে, এবং নতুন এই রাউন্ডটিতে হওয়া কাজ দেখার জন্য আমি উন্মুখ।"

নতুন অংশীদার

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত চ্যালেঞ্জের তৃতীয় রাউন্ডে নকলযোগ্য, কম কার্বনের রেট্রোফিট প্রদর্শন প্রকল্প বাস্তবায়ন করার জন্য 11টি রিয়েল এস্টেট অংশীদারকে বাছাই করা হয়েছে, যেখানে তাদের একাধিক পরিবারের ভবনের ডিকার্বোনেইজেশন করার এক বা একাধিক প্রতিবন্ধকতার সমাধান করা হবে। নতুন করে অর্থপ্রাপ্ত অংশীদারগণ সামগ্রিকভাবে পুরো নিউ ইয়র্ক স্টেটে 1.7 মিলিয়ন বর্গফুটের বেশি রিয়েল এস্টেট এবং 133,500টি আবাসিক ইউনিটের মালিক, যার মধ্যে 18,700 এর বেশি সাশ্রয়ী আবাসন ইউনিট রয়েছে। এই অংশীদারগণ এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ কর্মসূচিতে 29টি প্রদর্শনীমূলক ভবনের কাজ অগ্রসর করছে, যার মধ্যে 25টি নিউ ইয়র্ক স্টেট জলবায়ু ন্যায্যবিচার কর্মগোষ্ঠীর (New York State Climate Justice Working Group) সংজ্ঞা অনুসারে [সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে](#) অবস্থিত। এছাড়াও এই অর্থ চ্যালেঞ্জের রিয়েল এস্টেট অংশীদারদের থেকে 50 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ উন্মোচন করবে এবং একই সাথে বৈশ্বিক সমাধান প্রদানকারীদের আকৃষ্ট করবে যারা নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবন ও ব্যবসায়িক বিনিয়োগ নিয়ে আসবে।

11টি অংশীদার ও তাদের দল প্রত্যেকেই তাদের ডিকার্বোনেইজেশন রোডম্যাপ তৈরি, ভিন্ন ভিন্ন পথের নকশা করা এবং তারা বাস্তবায়ন করতে চায় এমন প্রকল্পের পরিকল্পনার জন্য 100,000 মার্কিন ডলার করে পাবে। প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

অ্যাসেডেন্ট নেইবারহুড ডেভেলপমেন্ট

- দলে রয়েছে: ম্যাকগ্র্যান অ্যাসোসিয়েটস এবং পল এ ক্যাস্ট্রুসি আর্কিটেক্টস
 - তিনটি ভবন
 - 58 E 132 St., New York, NY*
 - সাশ্রয়ী আবাসিক, 61টি ইউনিট
 - 53 E 131 St., New York, NY*
 - সাশ্রয়ী আবাসিক, 28টি ইউনিট
 - 421 E 116 St., New York, NY*
 - সাশ্রয়ী আবাসিক, 63টি ইউনিট

চার্টার্ড প্রোপার্টিজ

- দলে রয়েছে: লাবেলা অ্যাসোসিয়েটস, অস্টিমাইজড থার্মাল সিস্টেমস, সানঅ্যাম্প
 - সাতটি ভবন, কার্বন নিরপেক্ষতার প্রতিশ্রুতিবদ্ধ 95টি ইউনিট
 - 1336-40 Bergen St., Brooklyn, NY*
 - সাশ্রয়ী আবাসিক, 24টি ইউনিট
 - 1342 Bergen St., Brooklyn, NY*
 - সাশ্রয়ী আবাসিক, 16টি ইউনিট
 - 226 Schaefer St., Brooklyn, NY*
 - সাশ্রয়ী আবাসিক, ছয়টি ইউনিট
 - 586 Wilson St., Brooklyn, NY*
 - সাশ্রয়ী আবাসিক, ছয়টি ইউনিট
 - 55 Arlington St., Brooklyn, NY*
 - সাশ্রয়ী আবাসিক, ছয়টি ইউনিট

- 78 Herkimer St., Brooklyn, NY*
- সাশ্রয়ী আবাসিক, 29টি ইউনিট
- 462 Nostrand St., Brooklyn, NY
- সাশ্রয়ী আবাসিক, আটটি ইউনিট

ফেয়ারস্টিড

- দলে রয়েছে: কেলভিন সিস্টেমস এবং ইংলেজ আর্কিটেকচার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং
-সর্বোচ্চ সাতটি ভবন, 45 W 139 St., New York, NY* দ্বারা শুরু
-সাশ্রয়ী আবাসিক, 256টি ইউনিট; 1,790 ইউনিটের একটি সাত ভবনের
ক্যাম্পাসের অন্তর্গত

ফাস্টসার্ভিস রেসিডেন্সিয়াল

- দলে রয়েছে: জ্যারোস, বায়ুম অ্যান্ড বোলেস কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স, এলএলপি
-একটি ভবন
-111 W 67 St., New York, NY
-মিশ্র ব্যবহার, 284টি ইউনিট

HANAC

- দলে রয়েছে: স্টিভেন উইন্টার অ্যাসোসিয়েটস
-একটি ভবন:
- 27-40 Hoyt Avenue, Astoria, NY*
- আবাসন, সাশ্রয়ী সিনিয়র অবসান, 184টি ইউনিট

জয়েন্ট ওনারশিপ এনটিটি NYC

- দলে রয়েছে: ম্যাকগ্র্যান অ্যাসোসিয়েটস এবং CTA আর্কিটেক্টস
- চারটি ভবন:
- 439 W 125 St., New York, NY*
- সাশ্রয়ী মিশ্র ব্যবহারের ভবন, 21টি ইউনিট
- 865 E 167 St., Bronx, NY*
- সাশ্রয়ী আবাসিক, 55টি ইউনিট
- 1203 Fulton Avenue., Bronx, NY*
- সাশ্রয়ী আবাসিক, 29টি ইউনিট
- 575 E 168 St., Bronx, NY*
- সাশ্রয়ী আবাসিক, 9টি ইউনিট

চেলসি নিউ ইয়র্ক রিয়েলটি কোম্পানি এলএলসি

- দলে রয়েছে: RE টেক অ্যাডিভাইজর্স
- একটি ভবন:
- 776 Sixth Ave., New York, NY
- মিশ্র ব্যবহার, 387টি ইউনিট

রাইজবরো কমিউনিটি পার্টনারশিপ

- দলে রয়েছে: স্টিভেন উইন্টার অ্যাসোসিয়েশন
- দুইটি ভবন
- 43 & 63 Central Avenue, Brooklyn, NY *

- সাশ্রয়ী আবাসিক, 98টি ইউনিট

সিরাকিউজ হাউজিং অথোরিটি

- দলে রয়েছে: সাইকেল রেট্রোটেক, টেইটেম ইঞ্জিনিয়ারিং, এবং হাইড্রোনিক শেল টেকনোলজিস
 - একটি ভবন:
 - 418 Fabius St., Syracuse, NY*
 - সাশ্রয়ী আবাসিক, ছয়টি ইউনিট

উইনডেভেলপমেন্ট

- দলে রয়েছে: SWBR, ওপেন মার্কেট ESCO, এবং রকি মাউন্টেন ইনস্টিটিউট
 - একটি ভবন:
 - 471 John James Audubon Pkwy, Amherst, NY
 - সাশ্রয়ী আবাসিক (সিনিয়র আবাসন), 65টি ইউনিট

সিস্টার্স অফ চ্যারিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন

- দলে রয়েছে: KOW ভবন কনসাল্টেন্টস, পার্শাস বাই ডিজাইন আর্কিটেক্টস, এবং এটিঙ্গার ইঞ্জিনিয়ারিং
 - একটি ভবন, এবং সেই সাথে 2035 সালের মধ্যে স্ট্যাটেন আইল্যান্ডে এর সকল সম্পত্তিতে (মোট সাতটি ভবন, 451টি ইউনিট) জীবাশ্ম জ্বালানির ব্যবহার 10 শতাংশ হ্রাস করার প্রতিজ্ঞা:
 - 150 Brielle Ave., Staten Island, NY
 - সাশ্রয়ী সিনিয়র আবাসন, 80টি ইউনিট

* প্রকল্পটি একটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের যুগান্তকারী এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মূল্য এবং কীভাবে বড় ভবনগুলি পরিকল্পিত মূলধন বিনিয়োগের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের সামাল দেওয়ার সমাধানের একটি গুরুত্বপূর্ণ অংশ তা প্রদর্শন করে। বড় ভবনের রেট্রোফিট প্লেবুক এবং নিজেদের ভবনের আধুনিকায়ন করা এই নতুন রাউন্ডের অংশীদারগণ একত্রে অন্যান্য ভবন মালিকদের জন্য একটি অনুপ্রেরণা হয়ে উঠবে।"

প্রস্তাবনার মূল্যায়নের জন্য NYSERDA যেই নির্ণায়ক ব্যবহার করেছে তার মধ্যে রয়েছে একাধিক পরিবারের ভবনের ডিকার্বোনাইজেশনের প্রধান চ্যালেঞ্জসমূহ সমাধানের ক্ষেত্রে একটি প্রকল্পের মাত্রা বৃদ্ধির সুযোগ ও সম্ভাব্যতা, এবং একই সাথে রয়েছে ভবনের মালিকের ভবনের পোর্টফোলিওতে সমাধান বাস্তবায়ন করার ক্ষেত্রে তাদের ইচ্ছা ও সক্ষমতা। সকল রেট্রোফিট প্রকল্প সম্পর্কে আরো বিস্তারিত NYSERDA এর এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ [ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

এই ঘোষণার পর এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের এখন 27টি শীর্ষ রিয়েল এস্টেটের সাথে অংশীদারিত্ব হলো যারা নিউ ইয়র্কে 400 মিলিয়ন বর্গফুটের বেশি বাণিজ্যিক ও একাধিক

পরিবারের রিয়েল এস্টেটকে নিয়ন্ত্রণ করে, এবং এর সাথে রয়েছে 128 মিলিয়ন বর্গফুটের বেশি ডিকার্বোনাইজ করার সরকারি প্রতিশ্রুতি। সর্বমোট, এই অংশীদারগণ নিউ ইয়র্ক সিটির বাণিজ্যিক অফিস স্থানের 20 শতাংশের বেশি নিয়ন্ত্রণ করে এবং পুরো স্টেটে 200,000 ইউনিটের বেশি আবাসন নিয়ন্ত্রণ করে। বাণিজ্যিক উঁচু ভবন এবং সকল একাধিক পরিবারের ভবনের জন্য উচ্চমানের, স্বল্প কার্বনের সমাধানের ক্ষেত্রে এটি নিউ ইয়র্ক রিয়েল এস্টেটের জন্য একটি স্পষ্ট সঙ্কেতের প্রতিনিধিত্ব করে।

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "ভবন শিল্পখাত কীভাবে জলবায়ুবান্ধব সমাধান তৈরি ও বাস্তবায়ন করে তা এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের মাধ্যমে করা বিনিয়োগ বদলে দিচ্ছে, এটি হলো আমাদের ভবনকে আধুনিকায়িত করা, বাতাসের মান উন্নত করা, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরো শক্তিদক্ষ কর্মক্ষেত্র প্রদান করার ব্যাপারে আমাদের প্রয়াসের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। আমাদের জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যকে সমর্থন করা অব্যাহত রাখার জন্য গভর্নর হোকল, NYSERDA এবং আজকে ঘোষিত শীর্ষ গোষ্ঠীসমূহের আমি প্রশংসা করছি।"

বড় ভবনের জন্য রেট্রোফিট প্লেবুক

বড় ভবনের রেট্রোফিট প্লেবুক প্রথম প্লেবুক, *এম্পায়ার বিল্ডিং প্লেবুক: স্বল্প কার্বন রেট্রোফিটের জন্য একজন মালিকের নির্দেশনাবলি* (Empire Building Playbook: An Owner's Guide to Low Carbon Retrofits) সাফল্যকে ব্যবহার করে, 2022 সালের আর্থ ডে-তে এটি প্রকাশ করা হয় এবং NYSERDA, এম্পায়ার স্টেট রিয়েলটি ট্রাস্ট, ইনকর্পোরেটেডের (Empire State Realty Trust, Inc, ESRT) মধ্যকার একটি অংশীদারিত্বের মাধ্যমে এটি তৈরি করা হয়েছিলো। এবং অন্যান্য এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের রিয়েল এস্টেট পার্টনার। মূল প্লেবুককে পুনঃকল্পনা করা হয়েছে এবং এতে একাধিক পরিবারের ভবনের ডিকার্বোনাইজেশন করার চ্যালেঞ্জ সম্পর্কিত নতুন কেস স্টাডিজ যোগ করা হয়েছে, এবং এখন এতে ভবন মালিকদের ও তাদের কারিগরি দলকে স্বল্প কার্বনের রেট্রোফিট প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়নে সমর্থন করার জন্য একটি সম্প্রসারিত সংস্থান লাইব্রেরি যোগ করা হয়েছে। এছাড়াও, নতুন এবং উন্নত অনলাইন বড় ভবনের জন্য রেট্রোফিট প্লেবুকটিতে নিউ ইয়র্ক সিটিতে বাণিজ্যিক ভাড়া অফিস স্থানের ডিকার্বোনাইজেশন করার ক্ষেত্রে সেরা অনুশীলনের উদাহরণ রয়েছে, এটি ভবনের ডিকার্বোনাইজেশন করার একটি মুখ্য খাত।

প্লেবুকে এখন বিভিন্ন ভবনের ধরনের কেস স্টাডি রয়েছে, যেমন বাণিজ্যিক ও একাধিক পরিবারের ভবন; বিশেষ করে সাশ্রয়ী আবাসন, আবাসিক, এবং উঁচু ভবন। এইসব নতুন প্রকল্পের অধিকাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত এবং কৌশলগুলি সময়ের সাথে জটিল ভবনের ডিকার্বোনাইজেশন করার ব্যয়সাশ্রয়ী পন্থা, প্রকল্পভিত্তিক কারিগরি তথ্য, এবং নিজেদের সম্পত্তিতে ডিপ এনার্জি ও কার্বন হ্রাসকরণ অর্জনের জন্য ভবনের মালিকদের জন্য সেরা অনুশীলনের উপর আলোকপাত করা হয়েছে। এছাড়াও এটি পরিচ্ছন্ন শক্তিতে সমভাবে স্থানান্তরকে এবং নিম্ন থেকে মধ্যম আয়ের বাসিন্দাদের আরাম ও স্বাস্থ্যকে সমর্থন করে।

প্লেবুক থেকে উল্লেখযোগ্য যা কিছু পাওয়া গেছে তার মধ্যে রয়েছে:

- **তাপের উপর মনোযোগ প্রদান:** তাপ হ্রাস, রিসাইকেল এবং জমা করা হলো একটি ভবনের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কমিয়ে আনার এবং বিনিয়োগের একটি বলীয়ান প্রতিদান অর্জন করার মূল উপায়।
- **ছোট ধাপ বড় প্রভাব রাখে:** ক্রমবর্ধমান বিনিয়োগ সময়ের সাথে সাথে উল্লেখযোগ্য কার্বন হ্রাস অর্জন করে।
- **গতানুগতিক শক্তি অডিট যথেষ্ট নয়:** ডিকার্বোনেইজেশনের জন্য সম্পূর্ণ ভবনের হিটিং এবং কুলিং, ভেন্টিলেশন, অভ্যন্তরীণ গরম পানি ও এনভেলপের যথাযথ সিস্টেম বিশ্লেষণ আবশ্যিক।
- **ভাড়াটিয়ারা মুখ্য:** ভাড়াটিয়ারা যদি দাবি প্রদর্শন করে তাহলে ভবনের মালিকেরা জলবায়ুবান্ধব অফিস স্থানের জন্য বিনিয়োগ ত্বরান্বিত করবে।

সময়ের সাথে সাথে প্লেবুকে আরো কেস স্টাডি যোগ করা হবে, যেখানে এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের [অংশীদারদের](#) কাজ প্রদর্শন করা হবে।

ওয়েবসাইট নকশা ও নির্মাণ প্রক্রিয়ায় পুরো সময় বিল্ডিং এনার্জি এক্সচেঞ্জ (Building Energy Exchange, BE-Ex), রকি মাউন্টেন ইনস্টিটিউট (Rocky Mountain Institute), এবং আর্বান ল্যান্ড ইনস্টিটিউট (Urban Land Institute, ULI) অপরিহার্য অংশীদার হয়ে ছিলো, তারা নকশার বিভিন্ন পর্যায়ে মতামত প্রদানের জন্য তাদের শিল্পখাতের অভিজ্ঞতা ব্যবহার করে এবং প্লেবুকের ধারণা স্থির করার জন্য শ্রেণীর সেরা ব্যবহারকারীর অভিজ্ঞতা (user experience, UX) ও গ্রাফিক ডিজাইন কনসালটেন্টদের কাজে লাগায়। প্লেবুকের প্রচার, নতুন বিষয়বস্তু তৈরি, এবং সংস্থান ও জনগণের জমাকৃত কেস স্টাডিজের ব্যবস্থাপনার সমর্থন করা এই অংশীদারগণ অব্যাহত রাখবে।

বিল্ডিং এনার্জি এক্সচেঞ্জের নির্বাহী পরিচালক রিচার্ড ইয়াল্লি, FAIA, LEED AP, বলেন, "দুই বছরের বেশি সময় ধরে, আমাদের শিক্ষামূলক কর্মসূচি এবং সংস্থানের মাধ্যমে BE-Ex, EBC কে সমর্থন করেছে, EBC অংশীদারগণ এবং তাদের যুগান্তকারী প্রকল্প সম্পর্কে দারুণ সব গল্প বলেছে। নতুন এই জ্ঞান প্ল্যাটফর্ম শুরু করতে পেরে আমরা অতি আনন্দিত, এটি শুধু বড় ভবনের ডিকার্বোনেইজেশনের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পন্থাকে ব্যাখ্যা করবে না, বরং এছাড়াও এটি ভবনের মালিক, ব্যবস্থাপক, এবং সমাধান প্রদানকারীদেরকে বাস্তব বিশ্বের কেস স্টাডি, এইসব প্রকল্পের বিস্তারিত, এবং বিশ্বস্ত সরঞ্জাম ও সংস্থানের মাধ্যমে কৌশলী ডিকার্বোনেইজেশনের একটি নীলনকশা প্রদান করবে।"

রকি মাউন্টেন ইনস্টিটিউটের প্রিন্সিপ্যাল ব্রেট ব্রিজল্যান্ড বলেন, "বড় ভবনের রেট্রোফিট প্লেবুক একটি কৌশলী তিন ধাপের ডিকার্বোনেইজেশন পন্থা উপস্থাপন করে, যা রিয়েল এস্টেট শিল্পখাতের নেতৃবৃন্দ এবং অভিজ্ঞ কনসালটেন্টদের দ্বারা কার্যকর হিসেবে প্রমাণিত হয়েছে। ভবনের মালিকেরা এবং তাদের দল কার্যকর ডিকার্বোনেইজেশনের জন্য দীর্ঘমেয়াদি ক্যাপিটাল পরিকল্পনার সাথে সমন্বিত প্রকৌশলী সমাধান মিলিত করার মাধ্যমে নিজদের সম্পত্তির উন্নয়নে এই পন্থা ব্যবহার করতে পারবে। কারিগরি সংস্থানই এই প্লেবুককে পৃথক করে রাখে।"

ULI র্‌যান্ডেল লুইস সেন্টার ফর সাস্টেইনিবিলিটি ইন রিয়েল এস্টেটের নির্বাহী পরিচালকদের একজন, মার্টা স্ক্যান্টজ বলেন, "বড় সম্পত্তির রেট্রোফিটিং করা কঠিন। তার

সাথে বৈদ্যুতিকরণ এবং একটি ঠাণ্ডা জলবায়ুর জটিলতা যোগ করা হলে তা আরো কঠিন হয়। NYSERDA যে এর নতুন বড় ভবনের জন্য রেট্রোফিট প্লেবুক সংস্থান দ্বারা কৌশলী ডিকার্বোনাইজেশন সম্পর্কে বাজারকে শিক্ষিত করেছে সেই ব্যাপারে ULI আনন্দিত।"

ভবনগুলো নিউ ইয়র্ক স্টেটে গ্রিনহাউস গ্যাস নির্গমনের অন্যতম উল্লেখযোগ্য উৎস। NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচিগুলির মাধ্যমে, ভবনগুলিকে ডিকার্বোনাইজ করতে 6.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবনগুলিতে শক্তি দক্ষতা বৃদ্ধি রকার মাধ্যমে এবং স্টেটব্যাপী অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য, এবং বৈদ্যুতিক যান চার্জিং সরঞ্জাম স্থাপন করা বৃদ্ধির মাধ্যমে স্টেট এর কার্বন দূষণ হ্রাস করবে এবং 2025 সালের মধ্যে 185 TBtu, অর্থাৎ 1.8 মিলিয়ন বাসার বিদ্যুতের সমতুল, অনসাইট শক্তি ব্যয় হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জন করবে। এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য এবং কীভাবে NYSERDA এর সাথে অংশীদারিত্ব করতে হয়, কার্বন নিঃসরণ হ্রাস করতে হয়, এবং পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে জড়িত হতে হয় সে সম্পর্কে জানার জন্য ভবনের মালিক, সমাধান প্রদানকারী, প্রস্তুতকারক, এবং অন্যান্য আগ্রহী স্টেকহোল্ডারদের NYSERDA [ওয়েবসাইট](#) ভিজিট করতে উৎসাহিত করা হচ্ছে।

কর্মসূচিটি NYSERDA এর 10 বছর মেয়াদি, 6 বিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি তহবিল এর মাধ্যমে অর্থায়িত হচ্ছে। ICEF সম্পর্কে আরো তথ্য NYSERDA এর [ওয়েবসাইটে](#) উপলভ্য আছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশসেরা জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও ক্লিন এনার্জি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করেছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-

নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যিক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)